

# আমাদের প্রতিশ্রুতি পূরণ করা

লন্ডনকে আরো নিরাপদ করে' তোলার লক্ষ্যে আমরা আপনাদের সঙ্গে মিলে কাজ করায় প্রতিশ্রুতিবদ্ধ। আমাদের প্রতিশ্রুতি পূরণ করায় যদি আমরা ব্যর্থ হই তাহলে যে উচ্চ মান প্রতিষ্ঠা করা আমাদের আকাঙ্ক্ষা এবং দাবি করা আপনাদের অধিকার, বিশেষ কোন ক্ষেত্রে আমরা কেন সেটা বাস্তবায়িত করতে পারছি না তা আমরা ব্যাখ্যা করবো।

আপনি যদি মনে করেন আমাদের প্রতিশ্রুতি আমরা পূরণ করতে পারিনি, আপনার বক্তব্য আমরা শুনতে চাই। আপনি আমাদের ওয়েবসাইট-এর 'Your Voice Counts' শিরোনামের অংশে আপনার মত জানাতে পারেন অথবা **020 7230 4737** নম্বরে আমাদের টেলিফোন করতে পারেন। আপনার মত জানানোর 24 ঘন্টার মধ্যে আমরা তার প্রাপ্তিস্বীকার করবো। আপনার মতামত সম্পর্কে ব্যক্তিগতভাবে আপনার সঙ্গে কথা বলার প্রস্তাবও আমরা দেবো এবং তার সম্পর্কে আমরা কি ধরনের ব্যবস্থাগ্রহণ করবো সেটা আপনাকে জানিয়ে দেবো।

আমাদের পরিষেবার তদারকী করে মেট্রোপলিটান পুলিশ অথরিটি এবং আপনাদের মতামত আপনারা এই ঠিকানায তাদের কাছে পাঠিয়ে দিতেও পারেন :  
**enquiries@mpa.gov.uk**



# যেভাবে আপনি আমাদের সাহায্য করতে পারেন

আপনাদের সবচেয়ে ভালো সেবা দিতে পারায় আমাদের সাহায্য করার জন্য আপনারা কয়েকটা পদক্ষেপ নিতে পারেন :

- যে কোন জরুরী পরিস্থিতিতে সব সময়েই **999** নম্বরে টেলিফোন করবেন, উদাহরণস্বরূপ যখন একটা অপরাধ ঘটছে, আপনি জানেন যে কোন অপরাধের জন্য সন্দেহভাজন কেউ কাছাকাছি রয়েছে, অথবা কোন লোক আহত হয়েছে, তাকে ভয় দেখানো হচ্ছে কিংবা সে বিপদে পড়েছে।
- জরুরী নয় এমন পরিস্থিতিতে অপরাধের খবর অনলাইন দেবেন **www.met.police.uk** ওয়েবসাইট-এ অথবা **0300 123 1212** নম্বরে আমাদের টেলিফোন করবেন। অপরাধ প্রতিরোধ অথবা শনাক্ত করায় আমাদের সাহায্য করতে পারে এমন তথ্য আমাদের দেওয়ার জন্যও এই নম্বরটা ব্যবহার করতে পারেন। অন্যথায়, যে কোন অপরাধ সম্পর্কে তথ্য আপনি নিজের নাম না জানিয়ে দিতে পারেন এখানে টেলিফোন করে' ক্রাইমস্টপারস্ **0800 555 111** ক্রাইমস্টপারস্ একটা বেসরকারী দাতব্য প্রতিষ্ঠান।
- আপনি যদি বধির হন কিংবা কানে কম শোনে আপনি একটা টেক্সটফোন ব্যবহার করে' আমাদের খবর দিতে পারেন। জরুরী পরিস্থিতিতে **18000** নম্বর, অথবা ঘটনা জরুরী না হলে **18001 0300 123 1212** নম্বর ডায়াল করবেন।
- আপনার স্থানীয় নেইবারহুড ওয়াচ-এ, সেইফার নেইবারহুডস্ বৈঠকগুলিতে যোগ দিয়ে অথবা একজন স্পেশ্যাল কনস্টেবল কিংবা মেট স্বেচ্ছাকর্মী হয়ে আপনি এই প্রক্রিয়ায় জড়িত হতে পারেন। স্থানীয় বৈঠকগুলি সম্পর্কে জানার জন্য আপনার সেইফার নেইবারহুডস্ টীমের সঙ্গে যোগাযোগ করুন, তাদের বিস্তারিত বিবরণ পাওয়া যাবে এখানে :  
**www.met.police.uk/saferneighbourhoods**  
অথবা স্বেচ্ছামূলক কাজকর্ম সম্পর্কে আরো জানার জন্য দেখুন **www.met.police.uk/recruitment**
- কোনরকম সন্দেহজনক কার্যকলাপ বা আচরণ দেখতে পেলে, সেটা যতই তুচ্ছ হোক, গোপনীয় অ্যান্টি-টেররিস্ট হটলাইন-এ টেলিফোন করবেন **0800 789 321** নম্বরে।

Bengali

## পুলিশের দায়িত্ব পালনের প্রতিশ্রুতি জনসাধারণের কাছে আমাদের অঙ্গীকার



# পুলিশের দায়িত্ব পালনের প্রতিশ্রুতি - জনসাধারণের কাছে আমাদের অঙ্গীকার

লন্ডন-এর লোকজনকে যথাসম্ভব ভালো সেবা সরবরাহ করতে পারার জন্য মেট্রোপলিটান পুলিশ গর্বিত বোধ করে এবং আমাদের কাছ থেকে আপনারা যে মানের সেবা প্রত্যাশা করতে পারেন তার বিবরণ আমাদের পুলিশের দায়িত্ব পালনের প্রতিশ্রুতিতে দেওয়া হয়েছে।

আমাদের 'পুলিশের দায়িত্ব পালনের প্রতিশ্রুতি'র পূর্ণাঙ্গ সংস্করণ পাওয়া যাবে আমাদের ওয়েবসাইট-এ :

[www.met.police.uk](http://www.met.police.uk)

এই তথ্য যদি আপনি অন্য কোন সংস্করণে পেতে চান তাহলে **020 7230 4737** নম্বরে আমাদের টেলিফোন করুন।



## এগুলি আমাদের প্রধান অঙ্গীকারসমূহের মধ্যে কয়েকটা

- আমরা সব সময়েই আপনার প্রতি ন্যায্য, মর্যাদাপূর্ণ ও সম্মানজনক আচরণ করবো, এবং নিশ্চিত করবো যে প্রত্যেকেই যেন আমাদের সেবা লাভ করার সুযোগ যুক্তিসঙ্গত ও উপযুক্ত সময়ে পেতে পারে।
- আপনাকে এবং আপনার প্রতিবেশী এলাকাকে ক্ষতির বিরুদ্ধে সুরক্ষিত রাখার জন্য আমরা কাজ করবো। প্রত্যেক ওয়ার্ড-এর জন্যই একটা দায়িত্বশীল সেইফার নেইবারহুডস্ টীম আছে যারা একমাত্র অবশ্যপ্রয়োজনীয় হলে তবেই অন্য কোথাও কাজ করবে। তাদের কাজের সময়ের কমপক্ষে 80% তারা প্রকাশ্যভাবে আপনাদের প্রতিবেশী এলাকাতে কাটাবে, এবং পুলিশের দায়িত্ব পালনে আপনাদের স্থানীয় অগ্রাধিকারগুলি সম্পর্কে যথাযোগ্য ব্যবস্থাগ্রহণ করবে।
- আপনাদের সেইফার নেইবারহুডস্ টীম-এর কাজকর্মের বিবরণ আমরা নিয়মিত প্রচার করবো যাতে আপনারা জানতে পারেন আপনাদের জন্য নির্ধারিত টীম কোন্টা এবং কিভাবে তাদের সঙ্গে যোগাযোগ করা যাবে।
- আপনাদের সেইফার নেইবারহুডস্ টীম-এর জন্য নির্দিষ্ট প্রত্যেকটা বার্তার প্রতি আমরা 24 ঘন্টার মধ্যেই সাড়া দেবো।
- আমাদের লক্ষ্য হলো 999 নম্বরে করা টেলিফোনের উত্তর 10 সেকেন্ডের মধ্যে এবং জরুরী নয় এমন টেলিফোনের উত্তর 30 সেকেন্ডের মধ্যে দেওয়া। যারা টেলিফোন করবে তাদের আমরা সব সময়েই জানাবো এর পরে কি হবে এবং উপযুক্ত হলে ঘটনাস্থলে আমাদের পৌঁছানোর একটা মোটামুটি সময়ও তাদের জানিয়ে দেবো।



- সমস্ত জরুরী পরিস্থিতিতে আমরা সঙ্গে সঙ্গেই সাড়া দেবো যাতে আমরা যত তাড়াতাড়ি এবং যত নিরাপদে সম্ভব ঘটনাস্থলে পৌঁছাতে পারি - আমাদের লক্ষ্য হবে 12 মিনিটের মধ্যে এবং সম্ভব হলে আরো তাড়াতাড়ি পৌঁছানো।
- জরুরী নয় এমন যেসব ঘটনার সঙ্গে দুর্বল ও অসহায় ভুক্তভোগীরা ও সাক্ষীরা অথবা স্থানীয় অগ্রাধিকারগুলি জড়িত, তাদের ক্ষেত্রে আমাদের লক্ষ্য 60 মিনিটের মধ্যে ঘটনাস্থলে পৌঁছানো। ('দুর্বল ও অসহায়' বলতে আমরা এমন কাউকে বোঝাতে চাই যারা তাদের বয়স, প্রতিবন্ধকতা কিংবা ব্যক্তিগত পরিস্থিতির দরুণ ঝুঁকির সম্মুখীন হতে পারে।)
- অন্যথায়, উপযুক্ত হলে, আমরা 48 ঘন্টার মধ্যে আপনার পক্ষে সুবিধাজনক কোন সময়ে আপনার সঙ্গে দেখা করার জন্য অ্যাপয়েন্টমেন্ট করবো।
- অপরাধ এবং পুলিশের দায়িত্ব পালনের ক্ষেত্রে স্থানীয় অগ্রাধিকারগুলি সকলের সঙ্গে মিলে নির্ধারণ করার উদ্দেশ্যে আমরা নিয়মিত, কমপক্ষে মাসে একবার, প্রকাশ্য বৈঠকে যোগ দেবো এবং আপনাদের এলাকায় অপরাধ এবং পুলিশের দায়িত্ব পালন-সংক্রান্ত বিষয়গুলির সর্বশেষ বিবরণ জানাবো।
- অপরাধের ভুক্তভোগীদের আমরা তাদের ঘটনার অগ্রগতির বিবরণ কমপক্ষে মাসে একবার জানিয়ে যাবো।
- যেসব লোকজন পথেঘাটে কোন যানবাহন-সংক্রান্ত সংঘর্ষের (দুর্ঘটনার) সঙ্গে জড়িত হয়েছে তাদের সঙ্গে আমরা 10 কাজের দিনের মধ্যে যোগাযোগ করবো।